

পত্র নং-বা. স্কা. (সংগঠন)/১৪৩২(১৪৩)/২০২৫

তারিখ: ০৮ মাঘ ১৪৩১
২২ জানুয়ারি ২০২৫

অফিস স্মারক

বিষয়: জেলা রোভার স্কাউটস-এর নির্বাচনী নীতিমালা।

বাংলাদেশ স্কাউটস-এর ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখে জারিকৃত অফিস স্মারক নং- বা. স্কা. (প্রশা. ৫৪৭)/৮৯১(২১০০)/২০২৪ অনুসারে জেলা রোভার স্কাউটস এর নির্বাহী কমিটি গঠনের লক্ষে নিম্নলিখিত নীতিমালা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

- ১) এডহক কমিটির সদস্যগণ কাউন্সিলর হিসেবে বিবেচিত হবেন, তবে তাঁরা কোনো পদে (পদাধিকার পদ ব্যতীত) নির্বাচিত হতে পারবেন না;
- ২) স্কাউটিং যেহেতু একটি অরাজনৈতিক স্বেচ্ছাসেবী আন্দোলন, সেহেতু রাজনৈতিক পদধারী ব্যক্তি জেলা রোভার স্কাউটস-এর কোনো পদে নির্বাচন করতে পারবেন না বা নির্বাচিত হতে পারবেন না;
- ৩) যে সকল কর্মকর্তা ইতোমধ্যে পূর্ণ ০২ (দুই) টার্ম বা ০৬ (ছয়) বছর কোনো পদে নির্বাচিত হয়ে দায়িত্ব পালন করেছেন তাঁরা সংশ্লিষ্ট পর্যায়ের একই পদে নির্বাচনের যোগ্য হবেন না;
- ৪) যে সকল কাউন্সিলর পদাধিকারবলে কাউন্সিলর হবেন তাঁরা নিজ পদ ব্যতীত অন্য কোনো পদে মনোনীত বা নির্বাচিত হতে পারবেন না;
- ৫) নির্বাহী কমিটির সকল নির্বাচিত পদে কাউন্সিলরগণের মধ্যে থেকেই নির্বাচন করতে হবে;
- ৬) নির্বাহী কমিটিতে তরুণ নেতৃত্বের সুযোগ দিতে হবে;
- ৭) যে সকল স্কাউটারের বিরুদ্ধে স্কাউট সংগঠনে অনিয়মের বিষয়ে তদন্ত প্রক্রিয়াধীন অথবা কোনো সুনির্দিষ্ট অনিয়মের অভিযোগের ভিত্তিতে ফৌজদারি কার্যবিধি প্রক্রিয়াধীন আছে, সে সকল স্কাউটার নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে বা নির্বাচিত হতে পারবেন না;
- ৮) যে সকল ইউনিটের নবায়ন হালনাগাদ আছে শুধুমাত্র সে সকল ইউনিট থেকে কাউন্সিলে অংশগ্রহণ করতে পারবেন।

রোভার জেলা স্কাউটস কাউন্সিলে কাউন্সিলর হওয়ার যোগ্যতা:

- ১) এডহক কমিটির সদস্যগণ;
- ২) গ্রুপ কমিটির সভাপতিগণ;
- ৩) গ্রুপের প্রতিটি ইউনিট থেকে ০১ (একজন) রোভার স্কাউট লিডার;
- ৪) রোভার জেলার লিডার ট্রেনারগণ;
- ৫) রোভার জেলার সহকারী লিডার ট্রেনারগণ;
- ৬) সংশ্লিষ্ট জেলা স্কাউটস কমিশনার (প্রযোজ্য ক্ষেত্রে);
- ৭) সংশ্লিষ্ট জেলা স্কাউটস সম্পাদক (প্রযোজ্য ক্ষেত্রে);
- ৮) জেলার দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটস এর প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ;

রোভার জেলা স্কাউটস-এর নির্বাহী কমিটির নির্বাচিত ও সুপারিশকৃত পদসমূহের রূপরেখা নিম্নরূপ:

- সহ-সভাপতি -৫ (পাঁচ) জন:
 - ক) সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের দুইজন গ্রুপ সভাপতি;
 - খ) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের দুইজন গ্রুপ সভাপতি;
 - গ) মুক্ত দল/কমিউনিটি বেইজড স্কাউট গ্রুপ এর একজন গ্রুপ সভাপতি;
- জেলা রোভার স্কাউটস কমিশনার-০১ জন (সুপারিশকৃত);
- কোষাধ্যক্ষ-০১ জন (নির্বাচিত);
- সম্পাদক-০১ জন (নির্বাচিত);
- যুগ্ম সম্পাদক -০১ (এক) জন (নির্বাচিত) (২৫-৩৫ বছর বয়সী ইয়াং অ্যাডাল্ট লিডার);
- গ্রুপ কমিটির সভাপতি প্রতিনিধি ০২ (দুই) জন (নির্বাচিত): ০১ (এক) জন নিয়ন্ত্রিত গ্রুপসমূহ হতে ও ০১ (এক) জন মুক্তদল/কমিউনিটি বেইজড স্কাউট গ্রুপ হতে;
- রোভার স্কাউট লিডার প্রতিনিধি ০২ (দুই) জন: ০১ (এক) জন নিয়ন্ত্রিত গ্রুপসমূহ হতে ও ০১ (এক) জন মুক্তদল/কমিউনিটি বেইজড স্কাউট গ্রুপ হতে;
- লিডার ট্রেনার প্রতিনিধি ০২ (দুই) জন (নির্বাচিত);
- সহকারী ট্রেনার প্রতিনিধি ০২ (দুই) জন (নির্বাচিত);

✓

রোভার জেলা স্কাউটস-এর নির্বাহী কমিটির পদাধিকারবলে ও মনোনীত পদসমূহ নিম্নরূপ:

- সভাপতি (জেলা প্রশাসক পদাধিকারবলে জেলা রোভার স্কাউটস-এর সভাপতি হবেন);
- সংশ্লিষ্ট জেলার জেলা স্কাউটস কমিশনার (পদাধিকারবলে);
- সংশ্লিষ্ট জেলার জেলা স্কাউটস সম্পাদক (পদাধিকারবলে);
- সংশ্লিষ্ট জেলার দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটস এর প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (পদাধিকারবলে);
- সহকারী জেলা রোভার কমিশনার-০৭ জন (জেলা রোভারের নির্বাহী কমিটির প্রথম সভায় মনোনয়ন প্রদান করতে হবে) (জেলা রোভারের ইউনিট সংখ্যা ১০০ এর অধিক হলে সর্বোচ্চ ১২ জন সহকারী জেলা রোভার কমিশনার নিয়োগ প্রদান করা যাবে) ;
- জেলা রোভার স্কাউট লিডার-০১ জন (জেলা রোভারের নির্বাহী কমিটির প্রথম সভায় মনোনয়ন প্রদান করতে হবে);
- সহযোজিত সদস্য ০৪ (চার) জন (জেলা রোভারের নির্বাহী কমিটির প্রথম সভায় মনোনয়ন প্রদান করতে হবে);
- নূন্যতম প্রশিক্ষণ স্তরের সিনিয়র রোভার মেট প্রতিনিধি ০২ (দুই) জন (০১ জন ছেলে ও ০১ জন মেয়ে। জেলা রোভারের নির্বাহী কমিটির প্রথম সভায় মনোনয়ন প্রদান করতে হবে। জেলা রোভারের ইউনিট সংখ্যা ১০০ এর অধিক হলে সর্বোচ্চ ০৪ জন নিয়োগ প্রদান করা যাবে, যার মধ্যে ০২ জন ছেলে ও ০২ জন মেয়ে);

নির্বাচন শেষে সর্বোচ্চ ১৫ (পনের) দিনের মধ্যে জেলা রোভার স্কাউটস-এর নির্বাহী কমিটির সভা আহবান করে মনোনীত পদসমূহের মনোনয়ন প্রদানপূর্বক পূর্ণাঙ্গ নির্বাহী কমিটি গঠন করতে হবে। কোনো পদে যোগ্যতা সম্পন্ন ব্যক্তি পাওয়া না গেলে পদটি শূণ্য থাকবে। কাউন্সিল সভার বিজ্ঞপ্তি সংশ্লিষ্টদের নিকট সাত (০৭) দিন পূর্বে প্রেরণ করতে হবে।

এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ অফিস স্মারক জারি করা হ'ল।


(মোঃ শাহীদুল হক)

নির্বাহী পরিচালক (চক্ৰতি দায়িত্ব)
বাংলাদেশ স্কাউটস।

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চল;
- ২। সদস্য সচিব, এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস, (সকল) অঞ্চল;
- ৩। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চল;
- ৪। সদস্য সচিব, এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস, (সকল) জেলা রোভার;
- ৫। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস;

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। আহবায়ক, এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস;
- ২। সদস্য সচিব, এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস;
- ৩। সদস্য (সকল), এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস;
- ৪। সভাপতি, বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চল;
- ৫। কমিশনার, বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চল;
- ৬। জেলা প্রশাসক, সকল জেলা ও আহবায়ক, জেলা রোভার স্কাউটস এডহক কমিটি;
- ৭। অফিস নথি।